গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন
১,কাওরান বাজার, ঢাকা।

নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৯৬৯.২৫- ৩৯৯১

তারিখঃ ০১ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৬ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ আগামী ৩০ মার্চ থেকে ০১ এপ্রিল, ২০২৬ সময়ে লন্ডন-এ "International Food & Drink Event"শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্ত।**

আগামী ৩০ মার্চ থেকে ০১ এপ্রিল, ২০২৬ সময়ে লন্ডন-এ "International Food & Drink Event" শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় Food Drink, Ingredients, Packaging, Processing, Logistics পণ্যাদি প্রদর্শন করা হবে। উল্লেখ্য, Food Drink, Ingredients, Packaging, Processing, Logistics খাতের রপ্তানি বাজার অন্বেষণ এবং সম্প্রসারণের জন্য প্রস্তাবিত মেলাটি একটি আদর্শ প্লাটফর্ম। মেলার তথ্যাদি নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| মেলার নাম | : | "International Food & Drink Event" |
| মেলার সময়কাল | : | 30 March-01 April, 2025 |
| মেলার ভেন্যু | : | Royal Victoria Dock, 1 Western Gateway, London, UK, E16 1XL<br>City: London<br>Country: UK |
| বুথের সাইজ | : | 9 sqm |
| বুথ টাইপ | : | Shell Scheme |
| বুথ ভাড়া | : | 6632 Pound (9 sqm)+ 660 pound (per exhibitor Registration fee)<br>বাংলাদেশি টাকা: ১১,০৮,০০০ + বাংলাদেশি টাকা: ১,১১,০০০ (per exhibitor Registration fee) সর্বমোট টা.= ১২,১৯,০০০.০০ |
| প্রদর্শনী পণ্য | : | Food Drink, Ingredients, Packaging, Processing, Logistics etc. |

০২। উল্লেখ্য, মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বুথ মূল্যের উপর নিম্নরূপ হারে ভর্তুকী প্রদান করা হবে:

(i) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য | "ক" | ৪৫% |
| ০২ | প্রারম্ভিক (কোন রপ্তানি নাই) | "খ" | ৫০% |

(ii) বিশেষ খাত:

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | নারী উদ্যোক্তা | - | ৬০% |

**স্মর্তব্য, সাবসিডি শুধুমাত্র একটি বুথের জন্য প্রযোজ্য। কোন প্রতিষ্ঠান বা কোন গ্রুপের Strategic Business Unit একের অধিক বুথ নিলে অতিরিক্ত বুথের জন্য ১০০% অর্থ প্রদান করতে হবে।**

০৩। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার আগামী **১১-১২-২০২৫** তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউন লোড করা যাবে। আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেডলাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী সর্বোচ্চ ০২ জন (দুই জন) প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য, উল্লেখ্য, মেলা সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাদির জন্য জনাব মোহাম্মদ মকবুল হোসাইন (মেলা ও প্রদর্শনী বিভাগ) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। (ফোন নম্বর: ০১৮৮৫৮৪৭২৫১)



CamScanner

০৪। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়-দায়িত্ব বহন করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।

নির্দেশক্রমে

16.11.25

(মোহাম্মদ মকবুল হোসাইন)
গবেষণা কর্মকর্তা (মেলা)

<u>বিতরন : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. Bangladesh Fruits, Vegetables & Allied Products Exporter's Association (BFVAPEA) 28/1/C Toyenbee Circular Road (5th floor) Suite # 11-12, Motijheel C/A Cell: +88 02 9560506 E-mail: bfvapea.association@gmail.com
২. CEO, Bangladesh Agro Processors Association (Bapa), Navana Newbury Place, Flat # D6, 6th floor, 4/1/A Sobhanbagh, Dhanmondi, Dhaka-1207. Email: info@bapabd.org; bapabd1998@gmail.com
৩. President, Packaging Industry Association of Bangladesh, Elite Printion & Packaging Building, 67 Dilkusha, Ground Floor, Dhaka. E-mail: eliteppl@gmail.com
৪. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। পিএ টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। পিএ টু মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। পিএ টু পরিচালক (মেলা ও প্রদর্শনী বিভাগ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।



CamScanner